...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল

বিষয়ঃ ২০২৩-২৪ অর্থবছরে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ কামাল হোসেন সিনিয়র সচিব
সভার তারিখ	১৩ আগস্ট ২০২৩
সভার সময়	বেলা ১২.০০ ঘটিকা
স্থান	সভাকক্ষ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে এবং শোকাবহ আগস্টে জাতির জনকের প্রতি শ্রদ্ধা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিকের বিভিন্ন সূচকের কার্যক্রম সভায় তুলে ধরেন। শুদ্ধাচার কর্মপরিকল্পনার সূচক ১.১-এ প্রতি ত্রৈমাসিকে নৈতিকতা কমিটির ১টি সভা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। নৈতিকতা কমিটির অদ্যকার সভাটি এ অর্থবছরের প্রথম সভা মর্মে তিনি উল্লেখ করেন। শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নে নৈতিকতা কমিটির করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আয়োজিত শুদ্ধাচার বিষয়ক কর্মশালায় শুদ্ধাচার কর্মপরিকল্পনার অন্তর্গত নির্ধারিত কার্যপরিধিতে উল্লিখিত কাজ ছাড়াও শুদ্ধাচার সম্পৃক্ত গুণগত মানসম্পন্ন কাজের সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন অধিকতর গ্রহণযোগ্য হবে মর্মে উপস্থিত নৈতিকতা কমিটির একজন সদস্য জানান।

০২। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. নং	বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়ন কারী
০১	বিদ্যুৎ অপচয় রোধ	দেশ, সমাজ ও পরিবারের সকলে সচেতনভাবে বিদ্যুৎ ব্যবহার করলে বিদ্যুতের অপচয় রোধ করা সম্ভব। এ লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান, অফিস-আদালত (কর্মক্ষেত্র) ও কলকারখানাসমূহ বিদ্যুৎ ব্যবহারে যথেষ্ট পরিমাণ মিতব্যয়ী হওয়া প্রয়োজন মর্মে আলোচনা হয়;	এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা স্ব স্ব অফিস ও তাদের অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যুতের অপচয় রোধকল্পে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশনা দিতে হবে;	এপিএ, এন আইএস, এস ডিজি ও ইনোভেশন সেল; আওতাধীন দপ্তর/সংস্থা
০২	কৃচ্ছতা সাধন	বিভিন্ন খাতে সরকারি কাজের অর্থ ব্যয়ের ক্ষেত্রে কৃচ্ছতা সাধণের জন্য অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। বর্তমান পরিস্থিতিতে অর্থ ব্যয়ে কৃচ্ছতা সাধনের লক্ষ্যে বিস্তারিত আলোচনা হয়;	দপ্তর/সংস্থাসমূহ স্ব স্ব দপ্তরের বিভিন্ন খাতে অর্থ ব্যয়ের ক্ষেত্রে বাজেট বরাদ্দ থাকলেও প্রকৃতপক্ষে প্রয়োজন না হলে ব্যয়ের বিষয়ে কৃচ্ছতা সাধনের জন্য নির্দেশনা প্রদান করতে হবে;	এপিএ, এন আইএস, এস ডিজি ও ইনোভেশন সেল; আওতাধীন দপ্তর/সংস্থা

ক্র. নং	বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়ন কারী
০৩	শুদ্ধাচার ও নীতি নৈতিকতা প্রয়োগ	"বিভিন্ন পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকদের অংশগ্রহণে শুদ্ধাচার ও নৈতিকতা সংক্রান্ত আলোচনা সভা আয়োজন করতে হবে" মর্মে জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদের ১ম সভার সিদ্ধান্ত মোতাবেক এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহকে শুদ্ধাচার বিষয়ে ব্যাপক প্রচার-প্রচারণা, আলোচনা সভা, প্রশিক্ষণ আয়োজন করার লক্ষ্যে তাদের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে মর্মে আলোচনা হয়। এ ছাড়াও পরিবার, বন্ধুবান্ধব ও সহকর্মীদের সাথে শুদ্ধাচার ও নীতি নৈতিকতা প্রয়োগ ও বাস্তবায়ন বিষয়ে আলোচনা হয়।	এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/ সংস্থা তাদের অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকদের অংশগ্রহণে শুদ্ধাচার ও নৈতিকতা সংক্রান্ত আলোচনা সভা আয়োজনের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।	এপিএ, এন আইএস, এস ডিজি ও ইনোভেশন সেল; আওতাধীন দপ্তর/সংস্থা

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ কামাল হোসেন
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪৩.১৬.০০৩.২০.১৩২

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩০
১৪ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা।
৪) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা-২, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।
৬) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৭) উপসচিব, রাজস্ব বাজেট শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮) উপসচিব, পরিকল্পনা ও উন্নয়ন শাখা-২, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯) পরিচালক (উপসচিব), জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
১০) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১) প্রোগ্রামার, আইসিটি সেল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১২) অফিস কপি।

বেগম রুজিনা সুলতানা
উপসচিব